গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৯০.১৪.০০১.২০১৫-৩২৭

তারিখ : ২১ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
০৬ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

# সংশোধিত বিজ্ঞপ্তি

**বিষয়: বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার এর শিক্ষক/কর্মকর্তাদের বদলি/পদায়নের অনলাইনে আবেদন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারভুক্ত শিক্ষক/কর্মকর্তাদের বদলি/পদায়ন এর নিমিত্তে 'সরকারি কলেজের শিক্ষক বদলি/পদায়ন নীতিমালা-২০২০' সংশোধনপূর্বক 'সরকারি কলেজের শিক্ষক বদলি/পদায়ন নীতিমালা, ২০২৫" ৩০.০৬.২০২৫ খ্রি. তারিখ থেকে কার্যকর হয়েছে। সে লক্ষ্যে সরকারি কলেজের শিক্ষকদের বদলি/পদায়ন সহজতর করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাবলি জারি করা হলো:

১. বর্ণিত বদলি/পদায়ন নীতিমালা অনুযায়ী প্রভাষক থেকে অধ্যাপক এবং অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদে বদলি/পদায়নের ক্ষেত্রে আবেদনকারী তার পিডিএস হালনাগাদপূর্বক অনলাইনে আবেদন করবেন। এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে ১) www.shed.gov.bd; ২) www.dshe.gov.bd; এবং ৩. www.emis.gov.bd লিংকের নির্দিষ্ট ফর্মে আবেদন করতে হবে;

২. সরকারি কলেজের শিক্ষক বদলি/পদায়ন নীতিমালা, ২০২৫ অনুযায়ী প্রভাষক হতে অধ্যাপক পর্যন্ত সকল পদের বদলি/পদায়ন ক্ষমতা মন্ত্রণালয়ে ন্যস্ত থাকবে;

৩. বদলিভিত্তিক পদায়নের আবেদনপত্র অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান অগ্রায়ণ করবেন এবং কোন আবেদন পেন্ডিং রাখা যাবে না;

৪. অনলাইন ব্যতীত অন্য কোন উপায়ে প্রেরিত বা উপস্থাপনকৃত আবেদন বিবেচনা করা হবে না;

৫. সংশ্লিষ্ট কর্মকর্তার দাখিলকৃত আবেদন অধ্যক্ষ কর্তৃক অগ্রায়ণের পর মন্ত্রণালয়/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃপক্ষ নির্ধারিত নিয়মে প্রতি ১৫(পনের) দিন অন্তর মূল্যায়ন করবেন এবং বিচেনার জন্য উপযুক্ত কর্তৃপক্ষ বরাবর পেশ করা হবে;

৬. কোন শিক্ষক/কর্মকর্তা একবার আবেদন করলে পরবর্তী ৩ মাসের মধ্যে আর আবেদনপত্র দাখিল করতে পারবেন না;

৭. একজন আবেদনকারী তার পছন্দের ক্রমানুসারে সর্বোচ্চ ০৫ (পাঁচ)টি প্রতিষ্ঠানে আবেদনের সুযোগ পাবেন। কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুরকৃত আবেদনসমূহের প্রেক্ষিতে দাপ্তরিক প্রক্রিয়া শেষে ওয়েবসাইটে যথাযথ কর্তৃপক্ষ বদলিভিত্তিক পদায়ন আদেশ জারী করবেন;

৮. নন-ক্যাডার কর্মকর্তা কোন ক্যাডার পদে বদলিভিত্তিক পদায়নের জন্য আবেদন করতে পারবেন না;

৯. বর্ণিত নীতিমালা বাস্তবায়নের নিমিত্তে জনস্বার্থে কর্তৃপক্ষ প্রশাসনিক আদেশে সারাদেশে কলেজসমূহ থেকে প্রয়োজনীয় পদ শূন্যকরণের ব্যবস্থা করবেন;

১০. বর্ণিত প্রক্রিয়ার বাহিরে কোন কর্মকর্তার বিভিন্ন মাধ্যমে রাজনৈতিক তদবির/ চাপ সৃষ্টি ও আধা-সরকারি পত্র (ডিও লেটার) উপস্থাপন অসদচারণ বলে গণ্য হবে;

১১. অসম্পূর্ণ এবং হালনাগাদ না করা পিডিএসসমূহ বিবেচনায় নেয়া হবে না;

১২. বদলি সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ বিজ্ঞপ্তি অবিলম্বে কার্যকর হবে।

06.10.25

(তানিয়া ফেরদৌস)
উপসচিব
ফোন: ০২৯৫৫১০০৭২৭

নং-৩৭.০০.০০০০.০৯০.১৪.০০১.২০১৫-৩২৭

তারিখ : ২১ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ০৬ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৩. অধ্যক্ষ/ প্রতিষ্ঠান প্রধান... (সকল সরকারি কলেজ ও ..........................................)
৪. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা;
৭. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানো পল্টন, ঢাকা;
৮. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা;
১০. জনাব.............................................................................................
১১. পিও টু অতিরিক্ত সচিব /যুগ্মসচিব(কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [অতিরিক্ত সচিব (কলেজ) মহোদয়ের সদয় অবগতির জন্য];
১২. অফিস কপি